# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
# বরিশাল

**www.barisalboard.gov.bd**

## কেন্দ্র স্থাপনের নীতিমালা

১.নতুন কেন্দ্র স্থাপন/কেন্দ্র পরিবর্তনের ক্ষেত্রে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

২.যে প্রতিষ্ঠান কেন্দ্র নিতে আগ্রহী সে প্রতিষ্ঠানের প্রধান নিজস্ব প্যাডে কেন্দ্র স্থাপনের যৌক্তিকতা ব্যাখ্যাসহ আবেদন করবেন। প্রস্তাবিত নতুন কেন্দ্রের আবেদনের সঙ্গে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের অথবা তার মনোনীত প্রতিনিধির পরিদর্শন প্রতিবেদন সংযুক্ত করতে হবে।

৩. আবেদনকারী প্রতিষ্ঠানে যে সব প্রতিষ্ঠান পরীক্ষা দিতে আগ্রহী সে সব প্রতিষ্ঠানের প্রধানগণ তাদের নিজস্ব প্যাডে মোবাইল নম্বর উল্লেখ করে সম্মতিপত্র প্রদান করবেন।

৪.যে প্রতিষ্ঠান কেন্দ্রের জন্য আবেদন করবে সে প্রতিষ্ঠান থেকে প্রস্তাবিত কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের উপজেলা নির্বাহী অফিসারের দেয়া দূরত্ব সনদসহ ভৌগলিক মানচিত্র দাখিল করতে হবে।

৫. কেন্দ্র প্রতিষ্ঠানের বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীদের সংখ্যা কমপক্ষে ৫০০ (পাঁচশত) জন হতে হবে এবং যে পাবলিক পরীক্ষার কেন্দ্র নিতে আগ্রহী সে শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা কমপক্ষে ১০০ (একশত) জন হতে হবে।

৬. যে প্রতিষ্ঠান এসএসসি ও এইচএসসি পরীক্ষার কেন্দ্র স্থাপনের আবেদন করবে সেই প্রতিষ্ঠানে অবশ্যই আইসিটি ল্যাব ও স্বয়ংসম্পূর্ণ বিজ্ঞানাগার থাকতে হবে।

৭. প্রস্তাবিত কেন্দ্রে অবশ্যই ইন্টারনেট সংযোগসহ প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ ব্যবহারকারী শিক্ষক অবশ্যই থাকতে হবে।

৮. প্রশ্নপত্র/লিখিত উত্তরপত্র নিরাপদ হেফাজতে সংরক্ষণ করবে এমন প্রতিষ্ঠানের (ট্রেজারি/থানা/ব্যাংক) সম্মতিপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৯. কেন্দ্র হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা কোনোক্রমেই নিজ প্রতিষ্ঠানে/নিজস্ব কেন্দ্রের তত্ত্বাবধানে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১০. কেন্দ্রের শিক্ষার্থীর সংখ্যা আসন সংখ্যার অতিরিক্ত হলে পার্শ্ববর্তী প্রতিষ্ঠানকে পরীক্ষার হল হিসাবে ব্যবহারের অনুমতি পরীক্ষা শুরুর পূর্বেই পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর হতে সংগ্রহ করতে হবে।

১১. পরীক্ষা পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক দক্ষ শিক্ষক থাকতে হবে।

১২. পরীক্ষা পরিচালনা সংক্রান্ত ডকুমেন্টস, অব্যবহৃত উত্তরপত্র এবং গোপনীয় কাগজপত্র নিরাপদে সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে।

১৩. কোন প্রতিষ্ঠানের পাবলিক পরীক্ষার ফলাফল পাশ্ববর্তী প্রতিষ্ঠানগুলোর চেয়ে ভালো হলে কেন্দ্র স্থাপনে প্রাধান্য দেয়া হবে।

১৪. কেন্দ্র হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানটিকে শিক্ষাবোর্ড কর্তৃক অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করার সক্ষমতা থাকতে হবে।

১৫. কেন্দ্র হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানটি অন্য প্রতিষ্ঠান হতে আসবাবপত্র/বৈজ্ঞানিক যন্ত্রপাতি আনয়ন করে সে প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম ব্যাহত করতে পারবে না।

১৬. পরীক্ষা কেন্দ্রের কক্ষগুলোতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা থাকতে হবে।

১৭. পরীক্ষা কেন্দ্রের প্রতিটি কক্ষে দেয়াল ঘড়ি থাকতে হবে।

১৮. ভালো সেনিটেশনের ব্যবস্থা ও পৃথক ছাত্রী কমন রুম থাকতে হবে।

১৯. সীমানা প্রাচীর/নিরাপত্তা বেষ্টনী থাকতে হবে।

২০. প্রয়োজনীয় সংখ্যক ৬ ফুটের বেঞ্চ থাকতে হবে এবং ৬ ফুটের কম হলে একজন বসবে। কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা কমপক্ষে ৩০০ (তিনশত) জন হতে হবে।

২১. ভালো যোগাযোগ ব্যবস্থা থাকতে হবে।

২২. নতুন কেন্দ্র স্থাপন/কেন্দ্র পরিবর্তনের আবেদনের সময়সীমা বোর্ড নির্ধারণ করবে।

২৩. নতুন প্রতিষ্ঠানসমূহ কেন্দ্রে সংযুক্তির জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে এবং বোর্ড নির্ধারিত ফি জমা দিয়ে আবেদন করতে হবে।

২৪. . নতুন কেন্দ্র স্থাপন/কেন্দ্র পরিবর্তনের ক্ষেত্রে প্রয়োজনবোধে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শন করবেন।

২৫. কেন্দ্র স্থাপন, কেন্দ্র পরিবর্তন ও কেন্দ্রে সংযুক্তির ক্ষেত্রে কোনোক্রমেই পূর্ববর্তী বছরের আবেদনপত্র পরবর্তী বছরের জন্য বিবেচ্য হবে না।

২৬. যে কোনো ধরণের অপ্রীতিকর ঘটনার জন্য শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ কেন্দ্র বাতিল করার ক্ষমতা রাখে এবং উক্ত ঘটনা বা অন্য কোনো অব্যবস্থাপনার জন্য কেন্দ্র সচিব/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এককভাবে দায়ী থাকবেন।

২৭. বোর্ড কর্তৃপক্ষ জনস্বার্থে সকল প্রকার সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭.০৭.২০২৫

প্রফেসর জি, এম, শহীদুল ইসলাম -৭০৪৯
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
ফোন: ০২৪৭৮৮৩৪৩৭০
ই-মেইল:**barisalboard@gmail.com**

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

**Web : www.barisalboard.gov.bd**
E-mail : barisalboard@gmail.com

## ...........................সালের এসএসসি পরীক্ষার জন্য কেন্দ্র পরিবর্তন সংক্রান্ত আবেদন ফরম

প্রতিষ্ঠানের ফোন নম্বর ঃ.....................................

প্রতিষ্ঠানের মোবাইল নম্বর ঃ.............................................

০১। প্রতিষ্ঠানের নাম ঃ.....................................................................................................

ডাকঘর ঃ.................................., উপজেলা.............................., জেলা................................

০২। নিজ প্রতিষ্ঠানের **EIIN NO** ঃ

০৩। নিজ প্রতিষ্ঠানের কোড নং ঃ

০৪। প্রতিষ্ঠানের **E-mail Address** ঃ

০৫। নিজ প্রতিষ্ঠানের চলতি বছরের পরীক্ষার্থীর সংখ্যা ঃ

০৬। বর্তমান কেন্দ্রের নাম ঃ

০৭। বর্তমান কেন্দ্রের কোড নম্বর ঃ

০৮। বর্তমান কেন্দ্রের বিগত বছরের মোট পরীক্ষার্থী সংখ্যা ঃ

০৯। প্রস্তাবিত কেন্দ্রের নাম ঃ

১০। প্রস্তাবিত কেন্দ্রের কোড নম্বর ঃ

১১। প্রস্তাবিত কেন্দ্রের বিগত বছরের মোট পরীক্ষার্থী সংখ্যা ঃ

১২। প্রস্তাবিত কেন্দ্রের আসন্ন পরীক্ষায় সম্ভাব্য মোট পরীক্ষার্থী সংখ্যা ঃ

১৩। বর্তমান কেন্দ্রের যোগাযোগ মাধ্যম ঃ

১৪। প্রস্তাবিত কেন্দ্রের যোগাযোগ মাধ্যম ঃ

১৫। প্রতিষ্ঠান থেকে বর্তমান কেন্দ্রের দূরত্ব ঃ

১৬। প্রতিষ্ঠান থেকে প্রস্তাবিত কেন্দ্রের দূরত্ব ঃ

১৭। সংশ্লিষ্ট উপজেলায় বিদ্যমান মোট কেন্দ্রের সংখ্যা ঃ

১৮। কেন্দ্র পরিবর্তনের কারণ ঃ

১৯। সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের মন্তব্য ঃ

------------------------------------

আবেদনকারী প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর